



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.com



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০১.১৫.৯১৪

তারিখ: ১২ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৩ খ্রি.

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরধীন পিরোজপুর সরকারি উচ্চ বিদ্যালয়, পিরোজপুর এর প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের জ্যেষ্ঠ সিনিয়র শিক্ষক জনাব বিবেকানন্দ মজুমদার ২৯.০৩.২০২৩ খ্রি: হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করায় বর্ণিত শর্তসাপেক্ষে তাকে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি তার নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তার নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ডলিউম-১ অনুযায়ী তাকে আনুষঙ্গিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্বে থাকাকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

দুর্গা রানী সিকদার
১৫.৪.২৩
(দুর্গা রানী সিকদার)

সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
e-mail: addshesecondary1@gmail.com

১২ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৫ এপ্রিল ২০২৩ খ্রি.

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০১.১৫.৯১৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ;
- ০২। জেলা প্রশাসক,
- ০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ০৩। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,.....
- ০৫। প্রধান শিক্ষক,
- ০৬। জনাব.....।
- ০৭। সংরক্ষণ নথি।

দুর্গা রানী সিকদার
১৫.৪.২৩
(দুর্গা রানী সিকদার)

সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
e-mail: addshesecondary1@gmail.com